

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

হিজর অতিক্রম (مرور بالحجر)

গমন পথে মুসলিম বাহিনী 'হিজর' এলাকা অতিক্রম করে। যা ছিল খায়বরের অদূরে ওয়াদিল কোরা(وَادِى الْقُرَى) এলাকায় অবস্থিত। এখানে বিগত যুগে ছামূদ জাতি আল্লাহর গযবে ধ্বংস হয়। যারা পাথর কেটে মযবুত ঘর-বাড়ি তৈরী করত(الَّذِينَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ) (ফজর ৮৯/৯)। হযরত ছালেহ (আঃ) তাদের নিকটে প্রেরিত হয়েছিলেন। কিন্তু তারা তাঁকে অমান্য করে। ফলে তারা আল্লাহর গযবে পতিত হয়।

গ্রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, দুঁ الَّذِينَ ظَلَمُوا أَنْفُسَهُمْ، أَنْ يُصِيبَكُمْ مَا أَصابَهُمْ إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ. تُمَّ طَلَمُوا أَنْفُسَهُمْ، أَنْ يُصِيبَكُمْ مَا أَصابَهُمْ إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ. تُمَّ طَلَمُوا أَنْفُسَهُمْ، أَنْ يُصِيبَكُمْ مَا أَصابَهُمْ إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ السَّيْرَ حَتَّى أَجَازَ الْوَادِي تَعَمِيمَ وَصَامِعَ السَّيْرَ حَتَّى أَجَازَ الْوَادِي مَعْ وَمَا اللهُ عَلَى اللهُ عَلَي اللهُ عَلَى اللهُ عَل

ফুটনোট

[1]. বুখারী হা/৪৪১৯; মুসলিম হা/২৯৮০; মিশকাত হা/৫১২৫।

এখানে বর্ণিত হয়েছে যে রাসূল (ছাঃ) বলেছেন, তোমরা এখানকার কুয়া থেকে পানি পান করো না, ঐ পানিতে ওয়ু করো না।... আজকে রাতে তোমরা কেউ বের হয়োনা সাথী ব্যতীত'। লোকেরা সেটাই করল। কিন্তু বনু সা'এদাহ-র দু'জন লোক বের হ'ল। যাদের একজন হাজত সারার জন্য, অন্যজন তার উট খোঁজার জন্য। এক্ষণে যে ব্যক্তি হাজত সারার জন্য বের হয়েছিল, সে তার হাজতের স্থানেই গলায় ফাঁস লেগে পড়ে রইল। অন্যজনকে ঝড়ে উড়িয়ে নিয়ে ত্বাঈ পাহাড়ে নিক্ষেপ করল। রাসূল (ছাঃ)-কে এ খবর দেওয়া হ'লে তিনি বললেন, আমি কি তোমাদেরকে সাথী ব্যতীত বের হ'তে নিষেধ করিনি? অতঃপর তিনি গলায় ফাঁস লেগে পড়ে থাকা ব্যক্তির নিকটে গিয়ে দো'আ করলেন। ফলে সে আরোগ্য লাভ করল। দ্বিতীয় জনকে মদীনায় পোঁছার পর রাসূল (ছাঃ)-এর নিকট ত্বাঈ গোত্রের লোকেরা হাদিয়া স্বরূপ প্রেরণ করল' (যাদুল মা'আদ ৩/৪৬৫; ইবনু হিশাম ২/৫২১-২২)। বর্ণনাটির সনদ 'মুরসাল' (তাহকীক ইবনু হিশাম, ক্রমিক ১৮৭২)।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=5642

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন